



ঢাকা বিশ্ববিদ্যালয়

ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ (DSCR)
প্রফেশনাল মাস্টার্স ইন ডিজাস্টার এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স (PMDCR)
(৩য় ব্যাচ)

ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ (গ্রীষ্মকালীন সেমিস্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগে Professional Masters in Disaster and Climate Resilience প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের মেয়াদ: ০১ বছর ০৬ মাস (০৩ সেমিস্টার)।

আবেদনের যোগ্যতা: প্রার্থীদের স্নাতক বা সমমানের ডিগ্রীধারী হতে হবে এবং কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ ২.৫ এর নীচে থাকতে পারবে না। চাকরিরতদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে তাদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভর্তি কার্যক্রম সম্পাদন করতে হবে। ভর্তির ক্ষেত্রে সরকারি, আধা-সরকারি, বেসরকারি, দেশীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, গণমাধ্যম, দাতাসংস্থা এবং সশস্ত্র বাহিনীসহ অন্যান্য প্রতিষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদন গ্রহণের স্থান ও তারিখ: ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের অফিস কক্ষ থেকে ২০০০.০০ (দুই হাজার) টাকা ফি প্রদান করে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ১৫ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত সকল কর্মদিবসে সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করা ও জমা দেয়া যাবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের www.du.ac.bd/body/DSM ওয়েবসাইটে আবেদনপত্র পাওয়া যাবে। নির্ধারিত আবেদনপত্রের সাথে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং সকল পরীক্ষার পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি জমা দিতে হবে।

লিখিত পরীক্ষার তারিখ ও সময়: লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ২৮ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ, শুক্রবার বিকাল ২.৩০টা থেকে ৪.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাওয়া যাবে।

ক্লাস সময়সূচি: শুক্রবার ও শনিবার।

অধ্যাপক ড. মোঃ জিলুর রহমান
চেয়ারম্যান

প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ:
৮৮-০৯৬৬৬৯১১৪৬৩, ৭৩৩২
০১৮৯৬১১৬৩৬২, ০১৮৯৬১১৬৩৬৩
E-mail: dsm@du.ac.bd
website: www.du.ac.bd/body/DSM